# উপজেলা পরিষদ
## কালিগঞ্জ, সাতক্ষীরা।
### ফেব্রুয়ারী/২০২৩ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী
### অধিবেশন নং - ০২/২০২৩

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | সাঈদ মেহেদী<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>কালিগঞ্জ, সাতক্ষীরা |
| সভার তারিখ | ঃ | ২৭-০২-২০২৩ খ্রিঃ |
| সময় | ঃ | সকাল ১২.০০ মিঃ |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ মিলনায়তন, কালিগঞ্জ |

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা (উপস্থিত পরিশিষ্ট 'ক' এবং অনুপস্থিত পরিশিষ্ট 'খ')।

সভার প্রারম্ভে উপস্থিত চেয়ারম্যানগণ ও সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ সাতক্ষীরাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানান এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ ও কার্যবিবরণীতে কোন সংশোধন / সংযোজন না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করা হয়।

২. বিভাগীয় আলোচনা ঃ

<table>
<tr><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>উপজেলা প্রকৌশল দপ্তর ঃ<br>২.(ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ইউনিয়ন পরিষদ মেরামত/ সংস্কারযোগ্য চাহিদাপত্র প্রেরণের আগে ইউনিয়ন পরিষদের রেজুলেশন, ছবি ও প্রাক্কলন উপজেলা পরিষদের সমন্বয় সভায় পাশ করে প্রস্তাব করেন। এছাড়া এ উপজেলায় আম্পান প্রকল্প থেকে মহৎপুর সড়ক, কেডিআর প্রকল্প থেকে লক্ষীনাথপুর সড়ক ও পানিয়া কমিউনিটি ক্লিনিক এর কাজ অতিদ্রুত শেষ করা হবে। এসময় মথুরেশপুর ইউনিয়নের চেয়ারম্যান বলেন, পিরোজপুর মতিয়ার রহমানের ইট ভাটার সামনে পানি সরবরাহের জন্য একটি পাইপ কালভার্ট নির্মানের প্রস্তাব করেন। ভাড়াশিমলা ইউনিয়নের চেয়ারম্যান বলেন, ভাড়াশিমলা ইউনিয়ন পরিষদের পুরাতন ভবনটি অত্যন্ত ঝুকিপূর্ণ, যে কোন সময় ভবনটি ধ্বসে পড়তে পারে। তাই পুরাতন ইউনিয়ন পরিষদের ভবনটি অতিদ্রুত কন্ডেম ঘোষণা করার জন্য প্রস্তাব প্রেরণ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>(১) ইউনিয়ন পরিষদ মেরামত/ সংস্কারযোগ্য চাহিদাপত্র প্রেরণের আগে রেজুলেশন, ছবি ও প্রাক্কলন উপজেল পরিষদের সমন্বয় সভায় পাশ করে নেয়ার প্রস্তাব সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>(২) সকল প্রকল্পের কাজ নির্দিষ্ট সময়ে শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৩) পিরোজপুর মতিয়ার রহমানের ইট ভাটার সামনে পানি সরবরাহের জন্য একটি পাইপ কালভার্ট নির্মাণের প্রস্তাব সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>(৪) পুরাতন ইউনিয়ন পরিষদের ভবনটি কন্ডেম কমিটির মাধ্যমে কন্ডেম ঘোষণা করার প্রস্তাব সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।</td>
<td>১.উপজেলা নির্বাহী অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরা।<br><br>২.উপজেলা প্রকৌশলী কালিগঞ্জ, সাতক্ষীরা</td></tr>
<tr><td>২. (খ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বিগত ৩১/০১/২০২৩ তারিখের উপজেলা পরিষদের মাসিক সভার ৩ নং অনুচ্ছেদের সিদ্ধান্তক্রমে মৌতলা নিরাপদ মৎস্য পল্লী পানি সরবরাহ ব্যবস্থার জন্য এবং পিরোজপুর সড়ক জনপদ মতির ভাটা সংলগ্ন নতুন ২টি কাটানো খালের পার্শ্ব হতে উকশা বিওপি ক্যাম্প রোডটি সরেজমিনে পরিদর্শন করে ২,০০,০০০/- (দুই লক্ষ) + ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে।<br>প্রকল্পটি উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে পিআইসির মাধ্যমে বাস্তবায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>মৌতলা নিরাপদ মৎস্য পল্লী পানি সরবরাহের নিমিত্তে নিম্নবর্ণিত প্রকল্প ২টি বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(১) প্রকল্পের নাম ঃ conostruction pipe culvert in various union under kaligonj Upazila, Dist: satkhira beside RHD khal dhar bypass road (Nirapod Motsho Polli)<br>বরাদ্দের পরিমাণ ঃ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা<br>বরাদ্দের খাত ঃ উপজেলা উন্নয়ন তহবিল (রাজস্ব উদ্বৃত্ত)
<table>
<tr><th>ক্রঃনং</th><th>নাম</th><th>পদবী</th></tr>
<tr><td>০১</td><td>জি,এম রবিউল ইসলাম, ইউপি সদস্য, মৌতলা ইউপি</td><td>সভাপতি</td></tr>
<tr><td>০২</td><td>মোঃ খলিলুর রহমান, ইউপি সদস্য, মৌতলা ইউপি</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৩</td><td>হুমায়ন কবির, শিক্ষক</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৪</td><td>হাসিনা খাতুন, নারী প্রতিনিধি</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৫</td><td>মাওঃ আঃ সাত্তার, ইমাম</td><td>সদস্য</td></tr>
</table>
বর্ণিত প্রকল্পটি উপজেলা উন্নয়ন তহবিল (রাজস্ব উদ্বৃত্ত) খাত হতে ব্যয় নির্বাহের সিদ্ধান্ত গৃহিত হয় ও উক্ত প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী কালিগঞ্জ, সাতক্ষীরা</td></tr>
</table>

<table>
<tr>
<td></td>
<td>(২) প্রকল্পের নাম ঃ conostruction pipe culvert in various union under kaligonj Upazila, Dist: satkhira on Perojpur RHD-Uksha BOP camp road at ch.350m.<br>বরাদ্দের পরিমাণ ঃ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা<br>বরাদ্দের খাত ঃ উপজেলা উন্নয়ন তহবিল (রাজস্ব উদ্বৃত্ত)
<table>
<tr><th>ক্রঃনং</th><th>নাম</th><th>পদবী</th></tr>
<tr><td>০১</td><td>মোঃ মোদাচ্ছের হোসেন, ইউপি সদস্য, মথুরেশপুর</td><td>সভাপতি</td></tr>
<tr><td>০২</td><td>দেবাশিষ ঘোষ, ইউপি সদস্য, মথুরেশপুর</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৩</td><td>মোঃ সাজেদুল হক, সংবাদিক</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৪</td><td>সেলিনা সুলতানা, শিক্ষক</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৫</td><td>শামিমা সুলতানা, নারী প্রতিনিধি</td><td>সদস্য</td></tr>
</table>
বর্ণিত প্রকল্পটি উপজেলা উন্নয়ন তহবিল (রাজস্ব উদ্বৃত্ত) খাত হতে ব্যয় নির্বাহের সিদ্ধান্ত গৃহিত হয় ও উক্ত প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।</td>
<td></td>
</tr>
<tr>
<td>৩। <u>মৎস্য বিভাগের কার্যক্রম</u> ঃ<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, স্মার্ট মৎস্য ও স্মার্ট কৃষি এর আওতায় মৌতলা মৎস্য পল্লীর কার্যক্রম চলমান রয়েছে। এ সময় সভার সভাপতি জানান যে, রতনপুর ইউনিয়নের কলকলি খালটি একটি গুরুত্বপূর্ণ খাল। এর খালের দুই পার্শ্বের জমিতে প্রচুর পরিমাণ কৃষি খাদ্য শস্য ও মৎস্য উৎপাদন হয়। সম্প্রতি এই খালটি খনন করে মিষ্টি পানির সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে। তাই কলকলি খালটি ইজারা প্রদান থেকে বিরত রাখার প্রস্তাব করেন। পাশপাশি সকল ইউনিয়নের খালগুলো থেকে নেটপাটা অপসারণের প্রস্তাব প্রেরণ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>(১) রতনপুর ইউনিয়নের কলকলি খালটি ইজারা প্রদান থেকে বিরত রাখাসহ সকল ইউনিয়নের খালগুলো থেকে নেটপাটা অপসারণের প্রস্তাব সভায় সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।</td>
<td>(১) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(২) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(৩) উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা।</td>
</tr>
<tr>
<td>৪। <u>স্বাস্থ্য বিভাগের কার্যক্রম</u> ঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। এছাড়া কোভিড ১৯ এর ভ্যাকসিন কার্যক্রম চলমান রয়েছে। সভার সভাপতি জানান, কুকুরে কামড়ানো ভ্যাকসিন উপজেলার উন্নয়ন তহবিল হতে ক্রয়ের জন্য ৩ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>উপজেলার উন্নয়ন তহবিল থেকে কুকুরে কামড়ানো ভ্যাকসিন ক্রয়ের প্রকল্পটি বাস্তবায়নের জন্য ৩ সদস্য বিশিষ্ট নিম্নোক্ত কমিটি সভায় সর্বসম্মতিক্রমে গঠিত হয়।
<table>
<tr><th>ক্রঃনং</th><th>নাম</th><th>পদবী</th></tr>
<tr><td>১</td><td>জনাব নাজিমুল ইসলাম, ভাইস চেয়ারম্যান</td><td>সভাপতি</td></tr>
<tr><td>২</td><td>জনাব মিরাজ হোসেন খান</td><td>সদস্য</td></tr>
<tr><td>৩</td><td>জনাব মশিউর রহমান</td><td>সদস্য</td></tr>
</table>
উপজেলা উন্নয়ন তহবিল হতে ব্যয় নির্বাহ করা হবে।</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।</td>
</tr>
</table>

<table>
<tr>
<td><u>৫। উপজেলা কৃষি বিভাগের কার্যক্রম</u> ঃ (ক) উপজেলা কৃষি অফিসারের প্রতিনিধি সভায় জানান যে, এ উপজেলাকে কৃষি খাদ্য-শস্যে স্বয়ংসম্পূর্ণ করতে উপজেলা কৃষি বিভাগ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক আছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>উপজেলা কৃষি অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার বিভাগের কার্যক্রম গতিশীল ও বেগবান করার জন্য অনুরোধ করা হয়।</td>
<td>উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।</td>
</tr>
<tr>
<td><u>৬। উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম</u><br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, গবাদিপশু, হাঁস-মুরগীসহ পোষা প্রাণির ভ্যাকসিন কার্যক্রম প্রদান অব্যাহত আছে। এ সময় সভার সভাপতি জানান যে, এ উপজেলায় ছাগলের উন্নত জাত সৃষ্টি ও মাংসের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ২০২২-২৩ অর্থবছরে এডিপির বরাদ্দ থেকে দলিত, প্রতিবন্ধী শ্রেণীর মানুষদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উন্নত মানের পুরুষ ছাগল (পাঠা) বিতরণ করা হবে। পুরুষ ছাগল (পাঠা) ক্রয়ের জন্য ৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>এ উপজেলায় ছাগলের উন্নত জাত সৃষ্টি ও মাংসের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে উন্নত মানের পুরুষ ছাগল (পাঠা) ক্রয়ের জন্য সভায় সর্বসম্মতিক্রমে নিমোক্ত ৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>নাম</th><th>পদবী</th></tr>
<tr><td>১</td><td>জনাব ডাঃ উৎপল রায়, উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কালিগঞ্জ</td><td>সভাপতি</td></tr>
<tr><td>২</td><td>জনাব মোঃ আব্দুল হাকিম, চেয়ারম্যান, মথুরেশপুর ইউপি</td><td>সদস্য</td></tr>
<tr><td>৩</td><td>জনাব ওয়াসীম উদ্দীন, উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ</td><td>সদস্য</td></tr>
</table></td>
<td>১। উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ,<br>২। উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ,<br>৩। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা।</td>
</tr>
<tr>
<td><u>৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের কার্যক্রম:</u><br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলায় টিআর কাবিখার কার্যক্রম চলমান। মুক্তিযোদ্ধাদের ঘর নির্মাণ কার্যক্রম চলছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>টিআর, কাবিখার কাজ সহ মুক্তিযোদ্ধাদের ঘর নির্মাণ কার্যক্রম তদারকি করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।</td>
<td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা</td>
</tr>
<tr>
<td><u>৮। উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রম</u> ঃ<br>উপজেলা শিক্ষা অফিসার জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। তিনি আরো বলেন মহৎপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের চারিপার্শ্বে কিছু শুকনা গাছ ঝুকিপূর্ণ অবস্থায় রয়েছে। যে কোন সময় গাছের শুকনা ডাল ভেঙ্গে কোমলমতি শিক্ষার্থীদের উপর দূর্ঘটনা ঘটতে পারে। তাই অতিদ্রুত শুকনা গাছগুলো অপসারণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>মহৎপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শুকনা গাছ কর্তনের জন্য কমিটি গঠন পূর্বক এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়।</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।</td>
</tr>
<tr>
<td><u>৯। উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম</u> ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কর্মসূচির আওতায় ২০২৩-২৪ চক্রের চুড়ান্ত নির্বাচন সম্পন্ন করে খাদ্য শস্যের ডিও জারী সম্পন্ন হয়েছে। এছাড়া ১২টি ইউনিয়নের মধ্যে ৮টি ইউনিয়নে ভিডব্লিউবি খাদ্যশস্য বিতরণ কার্যক্রম পরিদর্শন করা হয়েছে। উপজেলায় বাল্য বিবাহ প্রতিরোধ কমিটি মানব পাচার প্রতিরোধ কমিটি ও নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা নিয়মিত সম্পন্ন হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</td>
<td>ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কর্মসূচির আওতায় বাকি ৪টি ইউনিয়নে অতিদ্রুত ডিও জারী সহ খাদ্য শস্য বিতরণ কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো হয়।</td>
<td>উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিগঞ্জ,সাতক্ষীরা</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| ১০। <u>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম</u> ঃ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, সম্প্রতি স্কুল কলেজের শিক্ষার্থী সহ শিক্ষকগণ বিভিন্ন সময় শিক্ষাসফরে যাচ্ছে। শিক্ষার্থীদের শিক্ষাসফরকে উৎসাহিত করতে এবং উপজেলা প্রশাসন থেকে অনুমতি নেয়ার জন্য অনুরোধ জানান হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার বিভাগের কার্যক্রম গতিশীল ও বেগবান করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ,সাতক্ষীরা |
| ১১। <u>উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম</u> ঃ<br>উপজেলা সমাজসেবা অফিসার এর প্রতিনিধি সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। তিনি আরো বলেন ইতোমধ্যে বয়স্ক, বিধবা ভাতার টাকা পে-রোল দেয়া হয়েছে। এছাড়া প্রতিবন্ধী ভাতা কার্যক্রম চলমান আছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা সমাজসেবা অফিসারকে অতিদ্রুত প্রতিবন্ধী ভাতা কার্যক্রম শেষ করার জন্য অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা সমাজসেবা অফিসার,কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ১২। <u>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম</u> ঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ১৩। <u>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম</u> ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। এছাড়া কিছু সমিতি ঋণখেলাপী আছে যাহা আদায়ের জন্য সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত আছে। এসময় সভাপতি বলেন যে, বাংলাদেশের প্রতিটি উপজেলায় সমবায়ের মাধ্যমে কৃষি খাদ্য শস্য উৎপাদন ও মৎস্য চাষ করে এলাকার অসহায় বেকার যুবকদের ভাগ্য উন্নয়নের পাশাপাশি দেশের অর্থনৈতিক উন্নতি সমৃদ্ধ হচ্ছে। এরই ধারাবাহিকতায় এ উপজেলায় যেকোন একটি সমবায়কে কৃষি অথবা মৎস্য চাষের মডেল হিসাবে গড়ে তোলার লক্ষ্যে কাজ করার জন্য প্রস্তাব করেন। এ বিষয়ে আগামী সভায় কার্যক্রমের অগ্রগতি প্রস্তুতপূর্বক পরামর্শ উপস্থাপন করার জন্য বিস্তারিত আলোচনা হয়। | এ উপজেলায় সমবায়ের মাধ্যমে কৃষি খাদ্য শস্য উৎপাদন ও মৎস্য চাষ করে এলাকার অসহায় বেকার যুবকদের ভাগ্য উন্নয়নের লক্ষ্যে যেকোন একটি সমবায়কে কৃষি অথবা মৎস্য চাষের মডেল হিসাবে গড়ে তোলার জন্য আগামী সভায় অগ্রগতি প্রস্তুতপূর্বক পরামর্শ উপস্থাপন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ১৪। <u>বন বিভাগের কার্যক্রম</u> ঃ<br>কালিগঞ্জ উপজেলা বন বিভাগের ফরেস্টার জানান যে, কালিগঞ্জ উপজেলার ৯ নং মথুরেশপুর ইউনিয়নে রায়পুর ব্রিজ হতে পিরোজপুর ব্রিজ সংলগ্ন ও নতুন হাট হতে মাহতাব চেয়ারম্যানের বাড়ির রাস্তার মুখ পর্যন্ত পরিচালন ব্যয় খাতের আওতায় ২০২০-২১ ইং সনে ৫.০ সিঃ কিঃমিঃ স্ট্রীপ বাগান সৃজন করা হয়। যার প্রকৃত দুরত্ব ৩.৫০ কিঃমিঃ । ১০০% চারা/গাছ সম্বলিত বাগানটি একটি সফল বাগান। কিন্তু পানি উন্নয়ন বোর্ড কর্তৃক যমুনা খাল খনন কার্য চলমান হওয়ায় খাল খনন করতঃ মাটি রাস্তার উপর রাখায় মাটি চাপা পড়ে আনুমানিক ২০০০টি চারাগাছ মারা যায়। এছাড়া ২০০৪-২০০৫ ইং সনে পানি উন্নয়ন বোর্ডের বাঁধে কালিগঞ্জ হ্যাচারী থেকে শুইলপুর পর্যন্ত ৬ কিঃমিঃ ২য় আবর্তের বাগানটি পরিপক্ক হওয়ায় কর্তনের জন্য উপকারভোগী সমিতি থেকে আবেদন ও তাদের সভার রেজুলেশনের মাধ্যমে সামাজিক বনায়ন বিধিমালা ও দলিল অনুযায়ী শেয়ার বন্টন ও কর্তনের ব্যবস্থা গ্রহণ সহ পুনঃবনায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপকারভোগী সমিতি থেকে আবেদন ও তাদের সভার রেজুলেশনের মাধ্যমে সামাজিক বনায়ন বিধিমালা ও দলিল অনুযায়ী শেয়ার বন্টন ও কর্তনের ব্যবস্থা গ্রহণ সহ পুনঃবনায়নের বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| ১৫। উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ১৬। উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার বিভাগের কার্যক্রম গতিশীল ও বেগবান করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ১৭। উপজেলা পরিসংখ্যান বিভাগের কার্যক্রম ঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, স্যাম্পল ভাইটাল রেজিষ্টেশন সিস্টেম (এসভিআরএস) ইন ডিজিটাল প্লাটফর্ম প্রকল্পের আতওয়ায় এ উপজেলার নির্ধারিত ৪টি নমুনা এলাকায় অনলাইন অ্যাপসের মাধ্যমে জন্ম-মৃত্যু, আগমন-বর্হিগমন, বিবাহ-তালাক সংক্রান্ত তথ্য ও ১২টি ইউনিয়নে কৃষি মজুরীর তথ্য, আমন এর নমুনা, মূল্য, উৎপাদন খরচ, আনুমানিক হিসাব, গম ও আলু ফসলের পূর্বাভাস জরিপ, গ্রীষ্মকালীন চীনাবাদাম, খরিপ তুলা এর তথ্য সংগ্রহ ও প্রেরণ করা হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার বিভাগের কার্যক্রম গতিশীল ও বেগবান করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ১৮। জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম ঃ<br>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ১৯। উপজেলা নির্বাচন অফিসের কার্যক্রম ঃ<br>উপজেলা নির্বাচন অফিসার জানান যে, ২০২২ এর ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম অব্যাহত আছে। এছাড়া দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা নির্বাচন অফিসার কে তার বিভাগের কার্যক্রম গতিশীল ও বেগবান করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাচন কমিশন কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২০। উপজেলা খাদ্য বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিগঞ্জ, সাতক্ষীরা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। এ সময় সভার সভাপতি মহোদয় জানান যে, বিগত ২৫/০২/২০২০ ইং তারিখে উপজেলা পরিষদ মাসিক সমম্বয় সভায় সিদ্ধান্তের আলোকে কালিগঞ্জ উপজেলার জন্য বসন্তপুর যে খাদ্যগুদাম রয়েছে সেটি উপজেলা থেকে অনেক দুরে অবস্থিত। ফলে কৃষকদের উৎপাদিত ফসল সংগ্রহে পরিবহন ব্যয় ব্যপকভাবে বেড়ে যায়। কৃষকরা সরকারি গোডাউনে খাদ্য সরবরাহে নিরুৎসাহিত হয়। খাদ্য গুদামটি উপজেলার এক কর্ণারে হওয়ার ফলে সরকারি খাদ্য সরবরাহে প্রতিবছর যে ব্যয় হয় দুই বছরের অতিরিক্ত পরিবহন ব্যয় অপচয়ের টাকা দিয়ে নতুন খাদ্য গুদাম তৈরি করা সম্ভব। খাদ্যগুদামটি নদীভাঙনে দুর্যোগ ঝুকিপূর্ণ এলাকায় অবস্থিত। বর্তমান খাদ্যগুদামটি অত্যন্ত ঝুকিপূর্ণ। বসন্তপুর খাদ্যগুদামটি তৎকালীন সময়ে নৌ-চলাচল রুট হিসাবে ঐ স্থানটিকে স্থাপন করা হয়েছিল। বিগত ২০-২৫ বছর যাবত নৌ-রুটটি সম্পূর্ণ বন্ধ। তাছাড়া কালিগঞ্জ উপজেলার খাদ্যগুদাম হিসাবে গুদামটি অপ্রতুল। সভার সকল সদস্যরা মনে করেন অত্র উপজেলায় আরো একটি খাদ্যগুদাম নির্মাণ অতিব জরুরী। জনস্বার্থে এবং সরকারি অর্থ অপচয় রোধে আরো একটি খাদ্যগুদাম উপজেলার মধ্যস্থলে সড়ক জনপদের রাস্তার পার্শ্ববর্তী স্থানে নির্মাণের জন্য প্রস্তাব রাখেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (১) অতিদ্রুত জনস্বার্থে এবং সরকারি অর্থ অপচয় রোধে আরো একটি খাদ্যগুদাম উপজেলার মধ্যস্থলে সড়ক জনপদের রাস্তার পার্শ্ববর্তী স্থানে নির্মাণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কালিগঞ্জ, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| ২১। উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তার কার্যক্রম ঃ<br>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, কালিগঞ্জ, সভায় জানান যে, তার দপ্তরের ঋণ প্রদান কার্যক্রম চলমান আছে। ঋণ আদায়ের হার ৯৮%। বকেয়া ঋণ আদায় প্রক্রিয়াধীন আছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২২। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) ঃ<br>উপজেলা প্রকৌশলী বলেন যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হতে অবশিষ্ট ২টি অবকাঠামোর উন্নয়ন উপ-প্রকল্পের যথাক্রমে (১) কালিগঞ্জ উপজেলার ০৪টি শিক্ষা প্রতিষ্ঠানে বয়সন্ধিকালীন স্বাস্থ্য শিক্ষা রুম ও রিফ্রেসমেন্ট কর্ণার নির্মাণ। (২) সুপেয় পানি সরবরাহের জন্য কালিগঞ্জ রতনপুর ইউনিয়নের বাগমারী এলাকায় পানি পরিশোধনাগার প্লান্ট নির্মাণ এর কাজ ইতোমধ্যে শেষ হয়েছে। ঠিকাদার কর্তৃক দাখিলকৃত উপ-প্রকল্প ২টির চুড়ান্ত বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপ-প্রকল্পের ২টি যথাক্রমে (১) **কালিগঞ্জ উপজেলার ০৪টি শিক্ষা প্রতিষ্ঠানে বয়সন্ধিকালীন স্বাস্থ্য শিক্ষা রুম ও রিফ্রেসমেন্ট কর্ণার নির্মাণ**। এর ভ্যাট ও আয়করসহ ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিল ২০,০৯,৭৬৯.৩০/- (৭.৫% ভ্যাট ১,৫০,৭৩৩/-, ৩% আয়কর ৬০,২৯৩/-) । এবং (২) **সুপেয় পানি সরবরাহের জন্য কালিগঞ্জ রতনপুর ইউনিয়নের বাগমারী এলাকায় পানি পরিশোধনাগার প্লান্ট নির্মাণ** এর ভ্যাট ও আয়করসহ ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিল ২০,১১,১৭৩.৩০/-( ৭.৫% ভ্যাট ১,৫০,৫২০/-, ৩% আয়কর ৬০,২০৮/-) সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। পাশাপাশি সংশ্লিষ্ট উপ-প্রকল্প ২টির বিল ভাউচারসহ সকল কাগজপত্র যথাসময়ে প্রকল্প ব্যবস্থাপনা ইউনিটের (PMU) নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা প্রকৌশলী,কালিগঞ্জ, সাতক্ষীরা।<br><br>২। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP), কর্মকর্তা, কালিগঞ্জ |
| ২৩। সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি ঃ<br>(ক) সভায় জনস্বাস্থ্য প্রকৌশলী জানান যে, এ উপজেলার ধলবাড়িয়া, রতনপুর ও কৃষ্ণনগর ইউনিয়নের বিভিন্ন এলাকায় ডিপ টিউবওয়েলের লেয়ার পাওয়া যায়। এ অঞ্চলের জনসাধারণ খাবার পানির একমাত্র উৎস এ সকল ডিপ টিউবওয়েল। এ সীমিত অঞ্চলের পানি কৃষির জন্য সেচ কাজে ব্যবহার করলে খাবার পানির টিউবওয়েলগুলো লেয়ার নেচে যাবার ফলে গ্রীষ্মকালে আর পানির লেয়ার পাচ্ছে না। জনবহুল এই সকল এলাকার খাবার পানির জন্য হাহাকার সৃষ্টি হয়। সেজন্য সরকার এ সকল এলাকায় ভূগর্ভস্থ পানি নিয়ে কৃষি কাজ করার জন্য সম্পূর্ণ নিষিদ্ধ করেছেন। কৃষি কাজের জন্য অত্র এলাকায় খাল, পুকুর খনন করে কৃষি কাজে পানি ব্যবহার করার পরামর্শ দিয়েছেন। উপজেলা পরিষদ সভায় সরকারি নির্দেশ মেনে সেচের জন্য বিদ্যুৎ সংযোগ এর জন্য কোন অনুমোদন দেয়া হয় না। যা পল্লী বিদ্যুৎ এর সকল কর্মকর্তা অবগত আছেন। অথচ পল্লী বিদ্যুৎ অফিস সেচ কাজের জন্য যে সমস্ত আবেদনকারীর আবেদন বাতিল করা হয়েছে সেই সমস্ত ব্যক্তিদেরকে সরকারি নীতিমালা বর্হিভূত এবং উপজেলা পরিষদের সিদ্ধান্তকে বৃদ্ধাঙ্গলি দেখিয়ে মাছের ঘেরের বাণিজ্যিক সংযোগের নামে ভূগর্ভস্থ পানি উত্তোলনের জন্য অবৈধ বিদ্যুৎ সংযোগ দিয়েছেন। ফলে ঐ সমস্ত এলাকায় সাধারণ মানুষের তীব্র খাবার পানির সংকট দেখা দিয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>(খ) সভার সভাপতি মহোদয় আরো বলেন যে, এ উপজেলায় যে সকল ব্যক্তিগণ বাসায় ব্যবহৃত বিদ্যুৎ মিটার দিয়ে নিজ বাড়ি আঙিনায় ছোট ছোট মোটর পাম্পের সাহায্যে কৃষি ও নিজ পুকুরে মৎস্য চাষ করেন কিন্তু সেচের নীতিমালা অনুযায়ী সেচ মিটার দেওয়া সম্ভব নয়। এ সমস্ত এলাকায় প্রান্তিক পরিবারগুলোর বিদ্যুৎ বিচ্ছিন্ন করে প্রাপ্তিক মানুষদের কর্মবিমুখ করা হচ্ছে । সামগ্রিক উৎপাদন ব্যহত হচ্ছে । সাথে সাথে ৫-৫০ হাজার টাকা পর্যন্ত অহেতুক জরিমানা করে পরিবারগুলোকে বিপন্নতায় ফেলে দেয়া হচ্ছে। এতে সরকারের ভাবমূর্তি ক্ষুন্ন সহ স্থানীয় জনপ্রতিনিধিগণ নানা সময় বিব্রতকর অবস্থার সম্মুখিন হচ্ছে। যা খুবই দুঃখজনক। তাই ঐ সকল বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন না করে তাদের মিটারগুলোর লোড বাড়িয়ে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সংযোগ অব্যাহত রাখার জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। | (ক) সরকারি নীতিমালা বর্হিভূত ঐ সমস্ত এলাকায় বাণিজ্যিক, শিল্প ও অন্যান্য সকল ভূগর্ভস্থ পানি তোলার সকল ধরনের সংযোগ অতিদ্রুত বিচ্ছিন্ন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।<br>(খ) (১) উপজেলার সকল এলাকায় নিজ বাড়ির আঙিনায় ছোট ছোট মোটর পাম্প দিয়ে কৃষি ও নিজ পুকুরে মৎস্য চাষ করেন তাদের বিদ্যুৎ সংযোগ না করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(২) ঐ সকল বাড়িতে প্রয়োজন মতো মিটারের লোড বাড়িয়ে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সংযোগ অব্যাহত রাখার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | ডিজিএম, সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

| | | |
|---|---|---|
| ২৪। পানি উন্নয়ন বোর্ডের কার্যক্রম ঃ<br>পানি উন্নয়ন বোর্ডের প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা বলেন যে, এ উপজেলায় বিভিন্ন ইউনিয়নে ২০টি স্লুইচ গেটের নতুন পাটা লাগানো হয়েছে। এ সময় ভাড়াশিমলা ইউপি চেয়ারম্যান বলেন যে, ভাড়াশিমলা ইউনিয়নের বিলগুল্লি খালের স্লুইস গেটটি দীর্ঘদিন যাবৎ অকেজো হয়ে আছে। এছাড়া বিলগুল্লি খালের দুই ধারের বাঁধের অবস্থা নাজুক। আগামী বর্ষা মৌসুমে খালের দুই ধারের বিস্তীর্ণ এলাকা ভেঙে প্লাবিত হওয়ার আশংকা আছে। অতিদ্রুত খালের ভেড়ীবাঁধ টেকসই ভাবে মেরামত করা প্রয়োজন। | ১) ভাড়াশিমলা ইউনিয়নের বিলগুল্লি খালের স্লুইস গেট সহ খালের দুই পার্শ্বের ভেড়ীবাঁধ টেকসই ভাবে অতিদ্রুত মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্বাহী প্রকৌশলী সাতক্ষীরা পওর বিভাগ-১, বাপাউবো, সাতক্ষীরা কে অনুরোধ জানানো হয়। | (১) নির্বাহী প্রকৌশলী সাতক্ষীরা পওর বিভাগ-১, বাপাউবো, সাতক্ষীরা। |
| ২৫। পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম ঃ<br>পল্লী সঞ্চয় ব্যাংকের ব্যবস্থাপক, কালিগঞ্জ, সাতক্ষীরা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। এ সময় সভার সভাপতি বলেন যে, পল্লী সঞ্চয় ব্যাংক ভবনের উত্তর পশ্চিম অংশে মডেল মসজিদ নির্মাণাধীন। মডেল মসজিদ নির্মাণ করতে যেয়ে উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক ভবনের উত্তর পূর্ব কোনের কিছু অংশ বেড় পড়েছে। তাই বিগত ১৩/১১/২০১৯ তারিখের উপজেলা পরিষদের সমন্বয় সভার (১) নং অনুচ্ছেদের সিদ্ধান্তের আলোকে মডেল মসজিদ নির্মাণে পুর্ণাঙ্গ নকশা মোতাবেক যদি মডেল মসজিদ নির্মাণের প্রয়োজনে পল্লী সঞ্চয় ব্যাংক ভবনে মসজিদের দিকের কিছু অংশ ভেঙে ফেলতে হয় তাহলে উকিলবারের দিকে তা পুনঃনির্মাণ করার সকল ব্যয়ভার উপজেলা পরিষদ বহন করবে। এ বিষয়ে সভায় পুনরায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত ১৩/১১/২০১৯ তারিখের উপজেলা পরিষদের সমন্বয় সভার (১) নং অনুচ্ছেদের সিদ্ধান্তের আলোকে মডেল মসজিদ নির্মাণে পুর্ণাঙ্গ নকশা মোতাবেক মডেল মসজিদ নির্মাণের প্রয়োজনে পল্লী সঞ্চয় ব্যাংক ভবনে মসজিদের দিকের কিছু অংশ ভেঙে ফেলতে হয় তাহলে উকিলবারের দিকে তা পুনঃনির্মাণ করার সকল ব্যয়ভার উপজেলা পরিষদ হতে বহন করার সিদ্ধান্ত পুনরায় উপজেলা পরিষদ সভায় সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(২) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(৩) উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংকের ব্যবস্থাপক, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২৬। উপজেলা (BADC) বিভাগের কার্যক্রম ঃ<br>(ক) বিএডিসি বিভাগের প্রতিটি ইউনিয়নে যে সকল এলাকায় নিরাপদ খাবার পানির অগভীর/গভীর নলকূপ আছে সেই সকল এলাকা থেকে সেচ মিটার বন্ধ করা আশু প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এছাড়া কৃষি কাজে ব্যবহারের জন্য অগভীর নলকূপ স্থাপনের লাইসেন্স প্রাপ্তির নিম্নবর্ণিত কৃষকগণ আবেদন করলে লাইসেন্সের জন্য দাখিলকৃত আবেদনপত্রে উল্লেখিত স্থান সরেজমিনে পরিদর্শন করে সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার এবং বাছাই কমিটির সদস্য-সচিব, উপসহকারী প্রকৌশলী, বিএডিসি প্রতিবেদন দাখিল করেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | (ক) কৃষি কাজে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৯ (এস,আর,ও নং ১২৮- আইন/২০১৯)-এর ৬(১) ধারা মোতাবেক দাখিলকৃত আবেদনপত্র এবং কমিটির প্রতিবেদন বিবেচনা ক্রমে উপবিধি ৬(২) এ উল্লেখিত লাইসেন্স ফি প্রাপ্তি সাপেক্ষে বর্ণিত ব্যক্তিদের অনুকূলে নলকূপ স্থাপনের লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। (তালিকা নিচে) | (১) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(২) সহকারী প্রকৌশলী, বিএডিসি, কালিগঞ্জ, সাতক্ষীরা<br>(৩) চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ |

| ক্র নং | নাম, পিতার নাম | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | মোঃ পিয়ার আলী, পিং-মৃত আজিমুদ্দীন গাজী, | নিত্যানন্দপুর | যোগ্য |
| ২. | দিপঙ্কর ঘোষ, পিং-সনাতন ঘোষ | সেকেন্দানগর | যোগ্য |
| ৩. | সেখ আলাউদ্দীন, পিং-মৃত মুনজুর আলী | মুকুন্দপুর | যোগ্য |
| ৪. | মোঃ বাসারুল করিম, পিং-মোঃ এফাজতুল্লাহ | উঃ রঘুনাথপুর | যোগ্য |
| ৫. | মোঃ মাসুদ খান, পিং-মোঃ গোলাম কুদ্দুস খান | পানিয়া | যোগ্য |
| ৬. | শেখ ইদ্রিস, পিং-মৃত শেখ বাহার আলী | মহিষকুড় | যোগ্য |
| ৭. | মোঃ আব্দুর রহিম গাজী, পিং-মৃত জাফর আলী গাজী | ফরিদপুর | যোগ্য |
| ৮. | শেখ হাসানুর রহমান, পিং-শেখ আনিছুর রহমান | মহিষকুড় | যোগ্য |
| ৯. | আছানুর রহমান, পিং-নুর আহম্মদ গাজী | পঃ নারায়নপুর | যোগ্য |
| ১০. | মোঃ শরীফুজ্জামান, পিং-মোঃ হাবিবুর রহমান | বাগবাটি | যোগ্য |
| ১১. | মোঃ আমিরুল ইসলাম, পিং-শেখ রুহুল আমিন | প্রব্রাজপুর | যোগ্য |
| ১২. | মুনছুর গাজী, পিং-রমজান গাজী | কৃষ্ণনগর | যোগ্য |
| ১৩. | এস এম আতাউর রহমান, পিং-এস এম শহিদুল্লাহ | কালিকাপুর | যোগ্য |
| ১৪. | মোঃ শরিফুল ইসলাম, পিং-আঃ গফুর গাজী | তেতুলিয়া | যোগ্য |
| ১৫. | সাঈদ মেহেদী, পিং-শামসুদ্দিন আহমেদ | পানিয়া | যোগ্য |

২৭। উপজেলা পরিষদের জীপ গাড়ি সংক্রান্ত ঃ

সভার সভাপতি জানান যে, কালিগঞ্জ উপজেলাটি লবনাক্ত এলাকা হওয়ায় সরকার কর্তৃক প্রদত্ত উপজেলা পরিষদের জীপ গাড়িটি বিভিন্ন সময় বিভিন্ন যন্ত্রাংশ মরিচা ধরে নষ্ট/ অকেজো হয়ে পড়েছে। ফলে জীপ গাড়িটি চালানো সম্ভব হচ্ছে না। তাই জরুরী ভিত্তিতে মেরামত করার জন্য জনাব আবু হাসান, জীপ গাড়ি চালক, উপজেলা পরিষদ কালিগঞ্জ বিগত ০৬/০২/২০২৩ তারিখের আবেদনের ভিত্তিতে মোটরযান মেরামত তথ্য বিবরণী সহ মোটরযান পরিদর্শক বিআরটিএ, সাতক্ষীরা সার্কেল, সাতক্ষীরা বরাবর প্রেরণ করা হয়। পরবর্তীতে বিআরটি এর মোটরযান মেরামত পরিদর্শন প্রতিবেদন মোতাবেক জীপ গাড়িটি মেরামত/ পরিবর্তনের লক্ষ্যে বিধি মোতাবেক টেন্ডার/ কোটেশন আহবানসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ০৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

কালিগঞ্জ উপজেলা পরিষদের জীপ গাড়িটি বিভিন্ন যন্ত্রাংশ মেরামতের/পরিবর্তনের লক্ষ্যে বিধি মোতাবেক টেন্ডার/ কোটেশন আহবানসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নক্ত ০৩ সদস্য বিশিষ্ট কমিটি সভায় সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃনং | নাম | পদবী |
|---|---|---|
| ১ | জনাব মোঃ ইফতেখার উদ্দীন জোয়ার্দার, উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ | সভাপতি |
| ২ | জনাব মিজানুর রহমান, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, কালিগঞ্জ | সদস্য |
| ৩ | জনাব মোঃ মিরাজ হোসেন খান, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিগঞ্জ | সদস্য সচিব |

১। উপজেলা নির্বাহী অফিসার, কালগঞ্জ, সাতক্ষীরা।

২৮। বিবিধ ঃ

(ক) সভার সভাপতি মহোদয় জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী বৈশ্বিক অতিমারী মোকাবেলায় খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে অধিক কৃষি ও খাদ্য শস্য উৎপাদন উপযোগী করতে সকল ইউনিয়নের খালগুলোসহ মথুরেশপুর ইউনিয়নের চিংড়া গেড়ের খাল, পাঁচবাড়িয়া খাল, বাগদাড়িয়ালা খাল, নিজদেবপুর গোলবখালি খাল, বন্দকাটি পোকপাড়িয়া খালসহ তেলিখালি ও আড়ংগাছা মৌজায় নারকেলতলা খাল যা জনগণের সম্পত্তি, উক্ত খালসমূহ বিভিন্ন সময়ে স্থায়ী/ অস্থায়ী বন্দোবস্ত দেয়া হয়েছে। সরকার কর্তৃক সেটেলমেন্ট কর্মকর্তাদের খাল শ্রেণীর জমি ব্যক্তি মালিকানায় রেকর্ড না দেয়ার জন্য নির্দেশ থাকা স্বত্বেও ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাদের দায়িত্ব অবহেলার কারণে যোগসাজগে একটি কুচক্রীমহল বিএস রেকর্ডে রেকর্ড করে নিয়েছে। ঐ সকল খালগুলো রাতারাতি বেআইনিভাবে শ্রেণী পরিবর্তন করে ফেলেছে। যার কারণে এলাকার মানুষের জীবন বিপন্ন হয়ে পড়েছে। পরিবেশ ও প্রতিবেশের অসহনীয় ক্ষতি সাধন হয়েছে। বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের ফলে প্রাকৃতিক দুর্যোগ, অতিবৃষ্টি হলে জনগণের ঘরবাড়ি ও উৎপাদিত কৃষি পণ্য, বিভিন্ন প্রাণী বিলুপ্ত সহ শত শত রাস্তঘাট ক্ষতিসাধন হচ্ছে। সভায় সকল সদস্য একমত পোষণ করে ঐ সমস্ত খালশ্রেণীর জমি কোন প্রকার খাজনা না নিয়ে তাদের অবৈধ সকল বিএস রেকর্ড বাতিল করার জন্য সভায় সুপারিশ করা হয়। ঐ সমস্ত অবৈধ দখলদার এবং তাদের সাথে জড়িত সকলের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট সুপারিশ প্রেরণের জন্য সর্বসম্মত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়। উপজেলা চেয়ারম্যান সভায় দুঃখ প্রকাশ করে বলেন বিগত কয়েক বছর ধরে জনস্বার্থে বারবার পরিষদ সভায় সুপারিশের সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং বিভিন্ন সময়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা সহকারী কমিশনার ভূমি তথ্য উপাত্ত দিয়ে ভূমিদস্যুদের বিরুদ্ধে রেকর্ড বাতিলের প্রস্তাবসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিলেও অজ্ঞাত কারণে কোন কোন ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা একটি মামলাও করেননি। তাই অবৈধ দখলদারদের হাত থেকে মুক্ত করার জন্য অনতিবিলম্বে সকল অবৈধ দখলদারদের রেকর্ড বাতিলের সুপারিশ করা হয়।

সিদ্ধান্ত ঃ ১) সরকারি খাল শ্রেণির জমি ব্যক্তি মালিকানায় যারা রেকর্ড করে নিয়েছেন সেই খাল শ্রেণির জমির খাজনা নেয়া থেকে বিরত থাকার জন্য সুপারিশ করা হয়।

২) জনস্বার্থে ব্যবহৃত ব্যক্তি মালিকানায় রেকর্ডকৃত সকল সরকারি খালের বিএস রেকর্ড বাতিলের ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ।

৩) সকল খালগুলো খননের প্রস্তাব প্রেরণের নিমিত্ত যথাযথ কর্তৃপক্ষ, এলজিইডি, কৃষি বিভাগ, মৎস্য বিভাগ, বিএডিসি সহ বেসরকারি এনজিওগুলোর নিকট প্রস্তাব ও বাস্তবায়নের জন্য পত্র প্রদান সর্বসম্মতি সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৪) দুর্যোগ ঝুকিপূর্ণ এলাকা হিসাবে পরিবেশ, প্রতিবেশ, টেকসই অবকাঠামো, নতুন নতুন কর্মসংস্থান, দুর্যোগের ঝুকি হ্রাস, জীববৈচিত্র্যর ভারসাম্য রক্ষার্থে আগামী বাজেটে মাননীয় সংসদ সদস্যগণদের বিশেষ বরাদ্দ প্রাপ্তির জন্য পত্র প্রেরণেরসুপারিশ।

(খ) উপজেলা চেয়ারম্যান ও সভার সভাপতি মহোদয় বলেন যে, ভূমিহীন গৃহহীন পরিবারের মধ্যে আশ্রয়ন প্রকল্পের আওতায় যে সরকারি ঘর বরাদ্দ প্রদান করা হয়েছে উক্ত ঘরে অনেক পরিবার বসবাস না করে সরকারি বিভিন্ন খাস জায়গা যেমন, সড়ক জনপদের পাশে, খালধারের পাশে দখল রেখে বসবাস করছে। অনতিবিলম্বে উক্ত ব্যক্তিদের সরকার প্রদেয় আশ্রয়ন প্রকল্পের ঘরে যাতে বসবাস করে এবং অবৈধভাবে দখলকৃত জায়গা ছেড়ে দেয় তা নিশ্চিত করতে হবে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ বিভিন্ন ইউনিয়নে যেসকল ব্যক্তি আশ্রয়ন প্রকল্পের আওতায় সরকারি ঘর বরাদ্দ পেয়েছে তারা যাতে উক্ত ঘরে বসবাস করে তা নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে- (১) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।
(২) সহকারী কমিশনার (ভূমি), কালিগঞ্জ, সাতক্ষীরা।
(৩) প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা।

পরিশেষে মুজিব বর্ষের অঙ্গীকার বাস্তবায়ন, উপজেলা পরিষদ স্ট্যান্ডিং কমিটি কার্যকর, দ্রুত পঞ্চবার্ষিকী পরিকল্পনা ও বাজেট বই প্রস্তুত, টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন, ইউনিয়ন ট্যাক্স ডে ঘোষণা, এসডিজি বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকল কাজে স্বচ্ছতা রাখার আহবানসহ সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/০২/২০২৩
সাঈদ মেহেদী
উপজেলা পরিষদ চেয়ারম্যান
কালিগঞ্জ, সাতক্ষীরা

স্মারক নং-০৫.৪৪.৮৭৪৭.০০০.২৪.০০৫.২৩- ২১৩(১)

তারিখ : ২৭/০২/২০২৩ খ্রিঃ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, ১০৭–সাতক্ষীরা-৩/ ১০৮–সাতক্ষীরা-৪ নির্বাচনী এলাকা
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
৪। জেলা প্রশাসক, সাতক্ষীরা
৫। সিভিল সার্জন, সাতক্ষীরা
৬। নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পওর বিভাগ-১, বাপাউবো, সাতক্ষীরা
৭। সহকারী প্রকৌশলী, বিএডিসি ( সেচ) সাতক্ষীরা
৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা
৯। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা
১০। উপজেলা -------------------------------------- কর্মকর্তা (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা
১১। অফিসার ইনচার্জ, কালিগঞ্জ, সাতক্ষীরা
১২। উপ- বিভাগীয় প্রকৌশলী, কালিগঞ্জ পওর উপ- বিভাগ, বাপাউবো, কালিগঞ্জ, সাতক্ষীরা
১৩। চেয়ারম্যান ----------------------------------- ইউপি (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা
১৪। জনাব ----------------------------------------কালিগঞ্জ, সাতক্ষীরা

২৭/০২/২০২৩
রহিমা সুলতানা বুশরা
উপজেলা নির্বাহী কর্মকর্তা
কালিগঞ্জ, সাতক্ষীরা
unokaliganj@gmail.com

## ২৭/০২/২০২৩ তারিখ কালিগঞ্জ, উপজেলা পরিষদের সাধারণ সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা

পরিশিষ্ট -'ক' উপস্থিত সদস্যবৃন্দ

| ক্রঃ নং | নাম | পদবী, ঠিকানা | | ক্রঃ নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|---|---|---|---|
| ১ | জনাব সাঈদ মেহেদী | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | | ১ | জনাব রহিমা সুলতানা বুশরা | উপজেলা নির্বাহী অফিসার |
| ২ | জনাব নাজিমুল ইসলাম | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | | ২ | জনাব ডাঃ শেখ তৈয়েবুর রহমান | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, কালিগঞ্জ |
| ৩ | জনাব দিপালী রাণী ঘোষ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | | ৩ | জনাব ওয়াসীম উদ্দীন | উপজেলা কৃষি কর্মকর্তা,কালিগঞ্জ |
| ৪ | জনাব সাফিয়া পারভীন | চেয়ারম্যান, কৃষ্ণনগর ইউপি | | ৪ | জনাব ডাঃ উৎপল রায় | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কালিগঞ্জ |
| ৫ | জনাব মোঃ মোজাম্মেল হক | চেয়ারম্যান, চাম্পাফুল ইউপি | | ৫ | জনাব মোঃ ইফতেখারউদ্দীন জোয়ার্দার | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ |
| ৬ | জনাব গোবিন্দ চন্দ্র মন্ডল | চেয়ারম্যান, দঃ শ্রীপুর ইউপি | | ৬ | জনাব মোঃ নাজমুল হুদা | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কালিগঞ্জ |
| ৭ | জনাব শেখ আবুল কাশেম মোহাম্মদ আব্দুল্লাহ | চেয়ারম্যান, কুশুলিয়া ইউপি | | ৭ | জনাব মোঃ শাহ আলম | উপজেলা পঃ পঃ অফিসার, কালিগঞ্জ (পক্ষে) |
| ৮ | জনাব আজিজুর রহমান | চেয়ারম্যান, নলতা ইউপি | | ৮ | জনাব মোঃ মিরাজ হোসেন খান | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিগঞ্জ |
| ৯ | জনাব এনামুল হোসেন | চেয়ারম্যান, তারালি ইউপি | | ৯ | জনাব মোঃ রফিকুল ইসলাম | উপজেলা সমাজসেবা অফিসার, কালিগঞ্জ (অঃদাঃ) |
| ১০ | জনাব নাজমুল হাসান | চেয়ারম্যান, ভাড়াশিমলা ইউপি | | ১০ | জনাব মোঃ রফিকুল ইসলাম | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১১ | জনাব মোঃ আব্দুল হাকিম | চেয়ারম্যান, মথুরেশপুর ইউপি | | ১১ | জনাব অর্ণা চক্রবর্তী | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিগঞ্জ |
| ১২ | জনাব গাজী শওকত হোসেন | চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউপি | | ১২ | জনাব মিজানুর রহমান | উপ-সহকারী প্রকৌশলী, কালিগঞ্জ |
| ১৩ | জনাব এম আলীম আল রাজী | চেয়ারম্যান, রতনপুর ইউপি | | ১৩ | জনাব আকরাম হোসেন | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ |
| ১৪ | জনাব মোঃ ফেরদাউস মোড়ল | চেয়ারম্যান মৌতলা ইউপি | | ১৪ | জনাব আবুল কালাম আজাদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ |
| | | | | ১৫ | জনাব এস এম আকরাম হোসেন | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ |
| | | | | ১৬ | জনাব শহিদুর রহমান | উপজেলা ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ |
| | | | | ১৭ | জনাব কনক চন্দ্র অধিকারী | উপজেলা সমন্বয়কারী (একটি বাড়ি একটি খামার) কালিগঞ্জ |
| | | | | ১৮ | জনাব রুদ্র কিশোর মল্লিক | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, কালিগঞ্জ |
| | | | | ১৯ | জনাব অনুজ গাইন | উপজেলা নির্বাচন অফিসার, কালিগঞ্জ |
| | | | | ২০ | জনাব শ্মশান কুমার মন্ডল | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিগঞ্জ |
| | | | | ২১ | জনাব তন্ময় হালদার | উপ-সহকারী, প্রকৌশলী, পাউবো, কালিগঞ্জ |
| | | | | ২২ | জনাব মোঃ আব্দুর রহমান | সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, কালিগঞ্জ |
| | | | | ২৩ | জনাব আসমাউল হুসনা (ইউডিএফ) | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ, কালিগঞ্জ |
| | | | | ২৪ | মিনারা আক্তার | তথ্য সেবা, কালিগঞ্জ |
| | | | | ২৫ | জনাব মোঃ আসাদুজ্জামান | উপজেলা শিক্ষা অফিসার,কালিগঞ্জ |

পরিশিষ্ট -'খ' অনুপস্থিত সদস্যবৃন্দ

| ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা | | ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|---|---|---|---|
| ১ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম | চেয়ারম্যান, বিষ্ণুপুর ইউপি | | ১ | জনাব এইচ এম কামরুজ্জামান | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, কালিগঞ্জ |